সকলের সহযোগিতায় মেহেরপুরের সমস্যা সমাধানের অঙ্গীকার এমপি তাজউদ্দীন খানের

মেহেরপুর-১ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য তাজউদ্দীন খান বলেছেন, সকলের সহযোগিতা নিয়ে মেহেরপুরের বিদ্যমান সমস্যাগুলো পর্যায়ক্রমে সমাধান করা হবে। তিনি স্পষ্টভাবে জানান, তার নাম ভাঙিয়ে কিংবা অন্যায় আবদার করে কোনো ধরনের সুবিধা নেওয়া যাবে না। পাশাপাশি তিনি মেহেরপুরকে মাদকমুক্ত জেলা হিসেবে গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

গতকাল রবিবার সকালে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য নাজমুল হুদাকে সঙ্গে নিয়ে তিনি জেলা প্রশাসকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় তিনি অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন করায় জেলা প্রশাসককে ধন্যবাদ জানান।

জেলা প্রশাসকের মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর বলেন, প্রশাসন সরকারি নির্দেশনা অনুযায়ী কাজ করে থাকে এবং সরকারি কর্মসূচি বাস্তবায়ন করাই তাদের প্রধান দায়িত্ব। তিনি দলীয় বিভাজন ভুলে সকলকে একযোগে জেলার উন্নয়নে কাজ করার আহ্বান জানান। মেহেরপুরকে একটি শান্তিপূর্ণ জেলা উল্লেখ করে তিনি এ পরিবেশ বজায় রাখতে সবার সহযোগিতা কামনা করেন। সৌজন্য সাক্ষাতে সংসদ সদস্য নাজমুল হুদাও বক্তব্য রাখেন।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাখাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মো. আনোয়ার হোসেন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর, খাদেজা খাতুন, আবির আনসারী, হাবিবুর রহমান, ইস্তামুল হক, জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হোসেন, নায়েবে আমির মাহবুব-উল আলম, রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, সদর উপজেলা আমির সোহেল রানা, পৌর আমির সোহেল রানা ডলার, মুজিবনগর উপজেলা আমির খান জাহান আলী, পেশাজীবী সংগঠনের সভাপতি আল আমিন হোসেন, কাজীপুর ইউনিয়নের চেয়ারম্যান আলম

হোসেন প্রমুখ।